তারিখ 14 MAR 2017
পৃষ্ঠা ... কলাম ৪

দৈনিক জনকণ্ঠ

# শিক্ষায় গুণগত মান নিশ্চিত করতে হবে॥ ইউজিসি চেয়ারম্যান

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বলেছেন, প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকতে হলে শিক্ষার গুণগত মান নিশ্চিত করতে হবে। তিনি সোমবার ইউজিসি অডিটরিয়ামে 'ডেভেলপিং-এ কোর টিম ফর গাইডিং আইকিউএসি, কিউএ এ্যাকটিভিটিজ এ্যান্ড কারিকুলাম ডিজাইন' শীর্ষক চারদিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন। খবর বাসসর।

উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক ড. গৌরাঙ্গ চন্দ্র মোহন্তের সভাপতিত্বে অনুষ্ঠানে ইউজিসি সদস্য অধ্যাপক ড. এম শাহ্নেওয়াজ আলি, বিশ্বব্যাংকের সিনিয়র অপারেশনস অফিসার ড. মোঃ মোখলেছুর রহমান অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন।

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন কিউএ স্পেশালিস্টস রোজিলিনি মেরি ফার্নাদেজ চুং, হারশিতা আইনি হারুন এবং ড. এম হাবিব রহমান অনুষ্ঠানে সম্মানিত হিসেবে উপস্থিত ছিলেন।